

# সব শিক্ষাপ্রতিষ্ঠানের জন্য এলো অতি গুরুত্বপূর্ণ নির্দেশনা!

অনলাইন ডেস্ক

প্রকাশিত: ১৭:১৪, ১৪ জুলাই ২০২৫



ছবি: সংগৃহীত

×

দেশের সকল সরকারি-বেসরকারি মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাপ্রতিষ্ঠান এবং আঞ্চলিক, জেলা ও উপজেলা পর্যায়ের শিক্ষা কার্যালয়গুলোকে আগামী ৩১ জুলাইয়ের মধ্যে নিজেদের নামে ওয়েবসাইট তৈরি অথবা বিদ্যমান ওয়েবসাইট হালনাগাদ করার নির্দেশ দিয়েছে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর (মাউশি)।

১৪ জুলাই ইএমআইএস সেল থেকে জারিকৃত এ নির্দেশনায় বলা হয়েছে, অনেক প্রতিষ্ঠানের নিজস্ব ওয়েবসাইট নেই বা তা হালনাগাদ নয়, তাই জাতীয় তথ্য বাতায়নের ([www.bangladesh.gov.bd](http://www.bangladesh.gov.bd)) নির্ধারিত ফ্রেমওয়ার্ক অনুসরণ করে ওয়েবসাইট তৈরি ও পরিচালনা করতে হবে এবং সেখানে প্রতিষ্ঠান পরিচিতি, পাঠদানের অনুমতি ও স্বীকৃতি, শ্রেণি ও লিঙ্গভিত্তিক শিক্ষার্থীর সংখ্যা, অনুমোদিত শাখা, শিক্ষক-কর্মচারীদের তথ্য, পাঠ্যসূচি, এমপিও সম্পর্কিত তথ্য, যোগাযোগের নম্বর, তথ্যসেবা কেন্দ্র ও অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তার তথ্য নিয়মিত হালনাগাদ রাখতে হবে; পাশাপাশি ওয়েবসাইটের ঠিকানা [www.emis.gov.bd](http://www.emis.gov.bd)-এর DSHE/EMIS-এর IMS মডিউলে আপলোড করতেও বলা হয়েছে।

---